অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নয়টি আপস্টেট বিমানবন্দরকে নতুন উচ্চতায় নিয়ে যেতে 230 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

গ্রেটার বিংহ্যামটন বিমানবন্দরে, গভর্নর বিংহ্যামটন, অ্যালবানি, ওয়াটারটাউন, সিরাকিউজ, রচেস্টার, ওগডেন্সবার্গ, সারাটোগা কাউন্টি, সালিভ্যান কাউন্টি, এবং অ্যাডিরন্ড্যাক বিমানবন্দরের জন্য অর্থ ঘোষণা করলেন

অর্থ প্রদত্ত হচ্ছে আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ এবং পুনরুজ্জীবন প্রতিযোগিতার মাধ্যমে

টার্মিনাল সম্প্রসারণ ও পুনর্বাসন, উন্নত নিরাপত্তা ও স্ক্রিনিংয়ের স্থান, পুনরুজ্জীবিত বোর্ডিং ও কনসেশন স্থান এবং নতুন উদ্ভাবনের জন্য স্টেটের অনুদান

পুনরুজ্জীবন প্রকল্পসমূহের রেন্ডারিংসমূহ দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নয়টি আপস্টেট বিমানবন্দরের পুনরুজ্জীবন প্রকল্পে 230 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে যা আপস্টেট নিউ ইয়র্কজুড়ে বিমানবন্দরসমূহকে পুনঃকল্পনা করবে এবং আরো আধুনিক করবে। এই তহবিলগুলি আসবে আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ এবং পুনরুজ্জীবন প্রতিযোগিতা (Upstate Airport Economic Development and Revitalization Competition) থেকে, এটি একটি প্রতিযোগিতামূলক আবেদনের অনুরোধ যার উদ্দেশ্য হলো আপস্টেটের বাণিজ্যিক যাত্রী সেবার বিমানবন্দরসমূহের উপর বিনিয়োগ প্রসার, পুনর্জীবিত এবং ত্বরান্বিত করা, একবিংশ শতাব্দীর বিমানবন্দর তৈরিতে সাহায্য করা। গভর্নর আজকে গ্রেটার বিংহ্যামটন বিমানবন্দরে (Greater Binghamton Airport) এই ঘোষণা করেন।

"আমাদের আপস্টেটের বিমানবন্দরসমূহ স্থানীয় অর্থনীতির প্রতি আমাদের গেটওয়ে এবং স্থায়ী প্রভাব রাখে, এটি নিউ ইয়র্কবাসীদের এবং পর্যটকদের এম্পায়ার স্টেটের সুন্দর গন্তব্যগুলির সাথে সংযুক্ত করে দেয়," **গভর্নর হোকল বলেন।** "আপস্টেট নিউ ইয়র্কজুড়ে ফ্যাসিলিটিসমূহকে আরো আধুনিক করতে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার মাধ্যমে, আমরা আপস্টেটের বিমানবন্দরগুলিকে নতুন উচ্চতায় নিয়ে যাচ্ছি এবং যাত্রীদের জন্য একবিংশ শতাব্দীর পরিবহন অভিজ্ঞতা প্রদান করছি যা তাদের প্রত্যাশা ও প্রাপ্য।"

আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতাটি পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (New York State Department of Transportation, NYSDOT) এবং এটি আপস্টেটের বাণিজ্যিক যাত্রী সেবার বিমানবন্দরসমূহ এবং বাণিজ্যিক আকাশযান এবং/অথবা কর্পোরেট জেটসমূহকে বিশেষ সেবা প্রদানকারী বিমানবন্দরসমূহের জন্য উন্মুক্ত ছিলো। আবেদনকারীদের একটি একক প্রকল্প বা প্রকল্পের একটি কর্মসূচির জন্য তহবিল চেয়ে আবেদন করতে উৎসাহিত করা হয়েছিলো যা একবিংশ শতাব্দীর চাহিদা মেটাতে সাহায্য করবে। যোগ্য কর্মকাণ্ডের তালিকার মধ্যে নিম্নোক্ত উন্নয়নের পরিকল্পনা, নকশা ও নির্মাণ অন্তর্ভুক্ত কিন্তু তা এর মধ্যে সীমাবদ্ধ নয়:

- অত্যাধুনিক বোর্ডিং কনকোর্স এবং কনসেশন স্থান
- টার্মিনাল সম্প্রসারণ ও পুনর্বাসন
- উন্নত নিরাপত্তা স্ক্রিনিং
- কোভিড-19 মহামারী চলাকালীন বা এর পরবর্তীতে আরো ভালো দূরত্ব বজায় রেখে যাত্রীদের আরো নিরাপদে এবং দক্ষতার সাথে এক স্থান থেকে অন্য স্থানে নেওয়ার সুযোগসমূহ
- স্পর্শহীন প্রযুক্তিতে নতুন উদ্ভাবন এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণে বর্ধিত মনোযোগ

যোগ্য বিমানবন্দরসমূহের জমাকৃত প্রকল্পসমূহের পর্যালোচনা করা হয়েছে পূর্বে স্থাপিত নির্ণায়কের উপর ভিত্তি করে, যার মধ্যে রয়েছে বিমানবন্দর এলাকার নকশা, যাত্রী সুবিধা এবং অভিজ্ঞতা, পরিচালনামূলক দক্ষতা এবং অর্থনৈতিক কার্যকারিতা, কিন্তু যা এর মধ্যে সীমাবদ্ধ নয়।

নিউ ইয়র্কের পরিবহন ডিপার্টমেন্টের কমিশনার ম্যারি থেরেসা ডমিঙ্গেজ বলেন, "আপস্টেট নিউ ইয়র্কের বিমানবন্দরসমূহে এমন গেটওয়ে যা ব্যবসা, ভ্রমণ ও পর্যটনের জন্য বর্ধিত সুযোগের দুয়ার খুলে দেয়, এবং এইসব ফ্যাসিলিটিতে বিনিয়োগ করার পক্ষে কথা বলার জন্য গভর্নর ক্যাথি হোকলের থেকে বড় কেউ নেই, কারণ তিনি জানেন যে বিমান চলাচলে বিনিয়োগ করা হলে তা আপস্টেট নিউ ইয়র্কজুড়ে একটি নতুন সমৃদ্ধির ভাব নিয়ে আসবে। যেহেতু আমরা পুওর স্টেটে আমাদের পরিবহন নেটওয়ার্ককে আধুনিক করার কাজ করে যাচ্ছি, তাই এই বিনিয়োগগুলি যাত্রী অভিজ্ঞতা এবং পুরো স্টেটের ফ্যাসিলিটিগুলির পরিচালনায় উল্লেখযোগ্য উন্নয়ন করবে, সকল আপস্টেট সম্প্রদায়জুড়ে মানুষ ও পণ্যের একটি কর্মদক্ষ প্রভাব এবং অব্যাহত অর্থনৈতিক কর্মকাণ্ড নিশ্চিত করতে সাহায্য করবে। "

নিচে প্রত্যেক প্রকল্পের অতিরিক্ত বিস্তারিত প্রদান করা হলো:

অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর (Albany International Airport): বিমানবন্দরের টার্মিনাল সম্প্রসারণের জন্য 60 মিলিয়ন মার্কিন ডলার, যা চেকপয়েন্টের আগে ও পরে যাত্রী সুবিধা বর্ধিত করতে এবং নিরাপত্তার ক্ষেত্রে আরো দক্ষ যাত্রী প্রবাহ প্রদান করবে। চেক

পয়েন্টের আগে, প্রকল্পটি একটি ভিড় এড়াতে সম্মেলন ও সম্প্রদায়ের জমায়েত হওয়ার জন্য আধুনিক ব্যবসা কেন্দ্র তৈরি করবে চেকপয়েন্টে, প্রকল্পটি নিরাপত্তার লাইন বর্ধিত করবে। নিরাপত্তার পর, প্রকল্পটি যাত্রীরা যাত্রার জন্য নিজেদের প্রস্তুত করবে যেখানে সেই স্থান বড় করবে, অতিরিক্ত খুচরা বিক্রির স্থান, শিশুদের খেলার জোন, একটি মাল্টিসেন্সরি শান্ত হওয়ার কক্ষ, এবং একটি ঘরের বাইরের সবুজ স্থান তৈরি করবে। পাশাপাশি, প্রকল্পটি ঘরের ভেতরের বায়ুর মান এবং ফিলট্রেশন উন্নত করতে ফ্যাসিলিটির হিটিং, ভেন্টিলেশন এবং এয়ার কন্ডিশনিং (HVAC) ব্যবস্থা উন্নত করবে।

গ্রেটার বিংহ্যামটন/এডুইন এ লিংক ফিল্ড বিমানবন্দর (Edwin A Link Field Airport): দুইটি প্রকল্পের অর্থায়নে 32 মিলিয়ন মার্কিন ডলার, যার প্রথমটি হলো জেনারেল এভিয়েশন টার্মিনালকে (General Aviation Terminal) যাত্রী টার্মিনালের সাথে সংযুক্ত করতে এর স্থান পরিবর্তন, যেখানে উভয় কাজ একটি সংস্কারকৃত ফ্যাসিলিটিতে একত্রিত করা হবে। এছাড়াও প্রকল্পে থাকবে একটি নতুন বিমানবন্দর ছাউনি তৈরি, যা ভবিষ্যতে বৃষ্টির পানি সংগ্রহ এবং সৌর প্যানেল স্থাপন করার জন্য স্থান রেখে নকশা করা হবে, এটি নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করবে। এছাড়াও টিকেটিং লবি এবং বাইরে আসা ব্যাগের কক্ষ, বহির্গমন লবি ও লাউঞ্জ, ব্যাগ ক্লেইম এবং অন্যান্য বহু উদ্দেশ্যের ফ্যাসিলিটিসমূহের উন্নয়নও বাস্তবায়ন করা হবে। দ্বিতীয় প্রকল্পটি টার্মিনালের দক্ষিণে একটি নতুন, 3,000 বর্গফুটের জেনারেল এভিয়েশন কাস্টমস এবং সীমান্ত সুরক্ষা (General Aviation Customs & Border Protection) ফ্যাসিলিটি তৈরি করবে, যা বিমানবন্দরকে একটি ইউজার ফি বিমানবন্দর হিসেবে নিজের খ্যাতি ধরে রাখতে সাহায্য করবে।

ওয়াটারটাউন আন্তর্জাতিক বিমানবন্দর (Watertown International Airport): বিমানবন্দরের 20,000 বর্গফুটের টার্মিনাল পুনর্নির্মাণ ও সম্প্রসারণের জন্য 28 মিলিয়ন মার্কিন ডলার, যা যাত্রীদের জন্য একটি আধুনিক ও আরামদায়ক ফ্যাসিলিটি প্রদান করবে। এছাড়া প্রকল্পটি TSA স্ক্রিনিং এবং ব্যাগ সামলানোর এলাকার উন্নয়ন করবে; ফ্লাইটের তথ্য প্রদর্শন এবং ভিজুয়াল পেজিং ব্যবস্থা স্থাপন করবে; ব্যাগ ক্লেইমের জন্য অতিরিক্ত স্থান নির্মাণ করবে; আধুনিক বসার ব্যবস্থা, চার্জিং স্টেশন, প্রাকৃতিক এল এবং এয়ারফিল্ডের দৃশ্যসহ নতুন অপেক্ষার কক্ষ নির্মাণ করবে; এবং যাত্রী নয় এমন মানুষের জন্য উপলভ্য থাকবে এমন রেস্টুরেন্ট ও শ্রেণীকক্ষের স্থানের জন্য নমনীয় স্থান নির্মাণ করবে। পাশাপাশি, প্রকল্পটি আরো বেশি ধরণের আকাশযানের জন্য উপযুক্ত এবং গ্রাহকদের বোর্ডিং উন্নত করার জন্য একটি নতুন জেট ব্রিজ নির্মাণ করবে। বর্তমান ও ভবিষ্যৎ এয়ারলাইনগুলিকে স্থান প্রদানের জন্য, প্রকল্পটি অতিরিক্ত টিকেটিং কাউন্টারও স্থাপন করবে, এবং আগত যাত্রীদের সুবিধার্থে, প্রকল্পটিতে একটি নিরবচ্ছিন্ন গাড়ি ভাড়া করার কাউন্টার স্থাপন করা হবে।

সারাটোগা কাউন্টি বিমানবন্দর (Saratoga County Airport): আধুনিক সুযোগ সুবিধাসহ একটি নতুন, অত্যাধুনিক, শক্তিদক্ষ টার্মিনাল ভবন নির্মাণের জন্য 27 মিলিয়ন মার্কিন ডলার, যা ব্যবহারকারীদের প্রথম শ্রেণীর অভিজ্ঞতা প্রদান করবে এবং যার অঞ্চলের চরিত্রের প্রতিফলনকারী বৈশিষ্ট্যসহ নকশা থাকবে। নতুন ভবনের প্রথম তলায় থাকবে দুইটি প্রশস্ত যাত্রী অপেক্ষার স্থান, একটি মাল্টিমিডিয়াল সম্মেলন কক্ষ, এবং একটি ক্যাফে ও আইসক্রিম কাউন্টার যা ঘরের বাইরে বসা যায় এমন উন্মুক্ত উঠানের সাথে সংযুক্ত থাকবে। লবি এলাকায়

সারাটোগা অটোমোবাইল জাদুঘরের (Saratoga Automobile Museum) অটোমোবাইল প্রদর্শনের একটি ডিসপ্লে স্থান থাকবে, এবং একইসাথে ভবনের দ্বিতীয় তলায় পাইলটদের স্থান, একটি রেস্টুরেন্ট এবং স্থানীয় শিল্পীদের প্রদর্শনীর একটি স্থান থাকবে। ভবনের হ্যাঙ্গার অংশটির ফিনিশিং করা হবে পুরনো, রিক্লেইমড কাঠ দিয়ে যাতে সারাটোগা কাউন্টির বহু ঘোড়া ও কৃষি গোলাবাড়ির চেহারার প্রতিফলন করা যায়, এবং একইসাথে হ্যাঙ্গারের ছাদের উপরে একটি সৌর অ্যারে থাকবে যা বিমানবন্দরের সামগ্রিক কার্বন পদচিহ্ন হ্রাস করতে সাহায্য করবে।

সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর (Syracuse Hancock International Airport): দুইটি প্রকল্পের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে প্রথমটিতে থাকবে বিমানবন্দরের কাস্টমস এবং সীমান্ত সুরক্ষার (Customs and Border Protection, CBP) ফেডারেল পরিদর্শন স্টেশনের (Federal Inspection Station, FIS) উন্নয়ন যাতে করে ফ্যাসিলিটিটি CBP-র সর্বশেষ মানদণ্ড মেনে চলা, বিমানবন্দরের আন্তর্জাতিক আখ্যা ও আন্তর্জাতিক যাত্রী ও কার্গো পরিচালনা উভয় সামলানোর ক্ষমতা নিশ্চিত করতে পারে। এছাড়া প্রকল্পটি আন্তর্জাতিক কর্মকাণ্ডের জন্য সর্বশেষ FIS সরঞ্জাম স্থাপন করবে, যার ফলে ঘণ্টায় 200 যাত্রী প্রক্রিয়া, একটি জেট ব্রিজ প্রতিস্থাপন করবে, একটি একটি অতিরিক্ত অপেক্ষার কক্ষ ও বোর্ডিং স্থান তৈরি করবে। এছাড়াও প্রকল্পটিতে রয়েছে পথ খুঁজে বের করার বাতি নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং দুর্বল শ্রবণশক্তিসম্পন্ন যাত্রীদের জন্য সমর্থন। দ্বিতীয় প্রকল্পটি নর্থ কনকোর্সকে উন্নত ও সম্প্রসারিত করবে, টার্মিনালের এই অংশটিকে হালনাগাদ ও আধুনিক করবে, যেখানে মোট ভিড়ের 40 শতাংশের স্থান হয়। প্রকল্পটি উন্নত যাত্রী প্রবাহ এবং সেইসাথে অতিরিক্ত বসার ও কনসেশন স্থানের জন্য প্রায় 4,700 বর্গফুট যোগ করবে। নকশাটি বায়ুর মান উন্নত করতে সেরা প্রাকৃতিক ভেন্টিলেশন সমর্থন করে, উচ্চ সৌর প্রতিফলন ইনডেক্স পদার্থ ও গতিশীল জানালার শক্তি দক্ষতার প্রচার করে, এবং স্থানীয় ও রিসাইকেল করা পদার্থের ব্যবহারের মাধ্যমে টেকসই ব্যবস্থা যুক্ত করে।

সালিভ্যান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দর (Sullivan County International Airport): অভ্যন্তরীণ স্থান রিকনফিগার করার জন্য, যাত্রীদের জন্য অতিরিক্ত স্থান তৈরি করতে, একটি নতুন পাইলট লাউঞ্জ এবং ঘরের বাইরের ক্যাটস্কিল মাউন্টেন পরিবেশের আরো ভালো দৃশ্য প্রদান করতে 18.5 মিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও প্রকল্পটি বিমানবন্দরের HVAC ব্যবস্থা হালনাগাদ করবে, এবং টার্মিনাল ভবনের জন্য উন্নত ইন্সুলেশন এবং ভবনের জন্য একটি বিদ্যুতের উৎস পরদিন করতে সৌর প্যানেল স্থাপন করবে। পাশাপাশি, প্রকল্পটি পার্কিং স্থানে বৈদ্যুতিক যান চার্জিং স্টেশন স্থাপন করবে।

ওগডেনসবার্গ আন্তর্জাতিক বিমানবন্দর (Ogdensburg International Airport): টার্মিনাল ভবনের সংস্কার ও সম্প্রসারণ এবং একইসাথে বাহ্যিক উন্নয়নের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি উদ্ভাবনী এবং শক্তিদক্ষ প্রযুক্তি, উন্নত নিরাপত্তা দরজা ও স্প্রিঙ্কলার, নতুন যাত্রী তথ্য ডিসপ্লে ব্যবস্থা, এবং উন্নত ওয়াইফাই স্থাপন করবে। এছাড়াও এটি বিমানবন্দরের আশেপাশের সম্প্রদায় ও চরিত্রের প্রতিফলন করে এমন নকশা থিম ব্যবহার করবে। প্রকল্পটির টার্মিনাল সম্প্রসারণ অংশে থাকবে চেক ইন লবি, টিকেটিং এবং ব্যাগ জমা করার স্থান সম্প্রসারণ; TSA স্ক্রিনিং স্থান সম্প্রসারণ; কনসেশন স্থান সম্প্রসারণ; এবং বড় সম্প্রদায়ের ইভেন্টের জন্য নতুন স্থান নির্মাণ। এছাড়াও, বাহ্যিক উন্নয়নের জন্য, প্রকল্পটি প্রবেশ ছাউনি

বিস্তৃত করবে, কার্বসাইডে একটি প্রসারিত গাড়ি থেকে উঠানামা করার স্থান তৈরি করবে; এবং পার্কিং এলাকায় সৌর প্যানেল এবং বৈদ্যুতিক যান চার্জিং স্টেশন স্থাপন করবে।

ফ্রেডরিক ডগলাস - গ্রেটার রচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দর (Frederick Douglass - Greater Rochester International Airport): দুইটি প্রকল্পের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে প্রথমটিতে থাকবে প্রবেশপথ, টিকেটের স্থান, এবং ব্যাগ ক্লেইমের স্থানকে আরো স্বাগত ও সহজে ব্যবহার করার যোগ্য করতে এগুলির আরো আধুনিকায়নে টার্মিনাল ভবনকে পুনরুজ্জীবিত করা। প্রকল্পটি এইসব স্থানকে আরো প্রাকৃতিক আলো, LED ফিক্সচার এবং ডিজিটাল পথ খুঁজে বের করার বৈশিষ্ট্যসহ নতুন সাইনেজ দিয়ে উন্নত করবে। প্রকল্পটি একটি নতুন, ইউজারবান্ধব মোবাইল অ্যাপ তৈরি করবে যা পার্কিং, কনসেশন, ফ্লাইট কর্মকাণ্ড এবং বিমানবন্দরের অন্যান্য ক্ষেত্রের ব্যাপারে তথ্য এক প্ল্যাটফর্মে একত্রিত করবে। পাশাপাশি, এই প্রকল্পটি বিমানবন্দরের ভেটেরান এরিয়ার সংস্কার করবে, এটিকে উন্নত আলো , নতুন আসবাব এবং ডিসপ্লে কেসসহ একটি আধুনিক জমায়েত হওয়ার কেন্দ্রে পরিণত করবে। জাতীয়ভাবে স্বীকৃতিপ্রাপ্ত বিলোপবাদী ফ্রেডেরিক ডগলাসের সম্মানে, প্রকল্পটি বিমানবন্দরটি যার নাম, তার প্রচারে একটি বাহ্যিক স্বাগত সাইন তৈরি করবে, এবং টার্মিনালে একটি নতুন প্রদর্শনী তৈরি করবে যেখানে ডগলাসের কাজ ও লেগেসি থাকবে। দ্বিতীয় প্রকল্পটি বিমানবন্দরের কর্মকাণ্ডের উন্নয়নে মনোযোগ দেয়, ফ্রাইট ভবন ও ব্যাগেজ বেল্টের উন্নয়ন ও সংস্কার করে। এছাড়াও প্রকল্পটি বিমানবন্দরের প্রবেশপথের ছাউনিটি সম্প্রসারিত করবে এবং এটির অবকাঠামোতে বৃষ্টির পানি সংগ্রহ করার ব্যবস্থা যুক্ত করবে।

অ্যাডিরন্ড্যাক আঞ্চলিক বিমানবন্দর (Adirondack Regional Airport): টার্মিনাল ভবন পুনরুজ্জীবিত করতে 8.5 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি এমন রিকনফিগারেশন করবে যা উন্নত মানুষ প্রবাহের জন্য অভ্যর্থনার স্থানকে সম্প্রসারিত করবে। এটি স্থানটিকে আলোকিত করতে লেড বাতি আনবে এবং গেট, ক্যাফে ও পার্কিং পর্যন্ত আরো সহজে যাতায়াত করার জন্য পথ খুঁজে বের করার সাইনেজ লাগবে। নিরাপত্তার পরের এলাকাকে রিকনফিগার করে যাত্রীদের জন্য অতিরিক্ত স্থান প্রদান করা হবে এবং বড় জানালাসহ একটি বাইরের দেওয়াল তৈরি করা হবে, যা আরো প্রাকৃতিক আলো প্রদান করবে এবং এর ফলে এয়ারফিল্ড ও অ্যাডিরন্ড্যাক চূড়ার একটি দৃশ্য দেখা যাবে। পাশাপাশি, প্রকল্পটিতে থাকবে ক্যাফে স্থানান্তর ও সম্প্রসারণ এবং বিভিন্ন HVAC উন্নয়ন।

আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন উদ্যোগের অনুদান এভিয়েশন ক্যাপিটাল বিনিয়োগ কর্মসূচির (Aviation Capital Investment Program) মাধ্যমে পুরো স্টেটের বিমানবন্দরসমূহের জন্য নিউ ইয়র্কের অব্যাহত বিনিয়োগসমূহের সম্পূরক। 2021 সালের অক্টোবর মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে 24টি পাবলিক ব্যবহারের বিমানবন্দরের কৌশলগত অবকাঠামো উন্নয়নের জন্য এই কর্মসূচির মাধ্যমে 20.7 মিলিয়ন মার্কি ডলার প্রদান করা হবে। NYSDOT দ্বারা পরিচালিত, এভিয়েশন ক্যাপিটাল বিনিয়োগ কর্মসূচির মাধ্যমে অর্থায়িত প্রকল্পসমূহে রয়েছে নতুন নিরাপত্তা ও অ্যাক্সেস নিয়ন্ত্রণ উন্নয়ন, নতুন অটোমেটেড আবহাওয়া পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপন, এবং নতুন ও বিদ্যমান হ্যাঙ্গার ও আকাশযানে জ্বালানি ভরার ফ্যাসিলিটিসমূহের নির্মাণ ও সংস্কার। এই বিনিয়োগসমূহ আশেপাশের সম্প্রদায়গুলিকে প্রতিবেশী স্টেটসমূহের সাথে আরো অর্থনৈতিকভাবে প্রতিযোগিতা করতে সাহায্য করবে এবং

NYSDOT এইসব উন্নয়নকাজ শেষ করাকে ত্বরান্বিত করতে স্থানীয় প্রকল্প স্পন্সরদের সাথে কাজ করে যেতে প্রতিশ্রুতিবদ্ধ আছে।

স্টেট সিনেটর টিম কেনেডি বলেন, "এই বিনিয়োগের মাধ্যমে, নিউ ইয়র্ক আমাদের বিমানবন্দরসমূহকেও আধুনিক করছে এবং যাতায়াতের সহজসাধ্যতা ও দক্ষতাও বৃদ্ধি করছে, পরিণামে এইসব আপস্টেট হাবগুলির মধ্যে দিয়ে যাতায়াত করা দর্শনার্থীদের যাত্রার প্রক্রিয়া সহজতর করছে গভর্নর হোকল আমাদের পরিবহন খাতের উন্নয়নে স্পষ্ট অঙ্গীকার প্রদর্শন করে চলেছেন, এবং এই 230 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিজ্ঞাটি মুখ্য ট্রানজিট করিডোরসমূহের পুনর্জীবনে কেন্দ্রীভূত সামগ্রিক স্বপ্নের আরো একটি উদাহরণ।"

স্টেটের সিনেটর ফ্রেড আকসার বলেন, "এই আধুনিকায়ন প্রচেষ্টাসমূহ আমাদের স্থানীয় বিংহ্যামটন বিমানবন্দরকে সাউদার্ন টিয়ারে আসা যাওয়া করা আমাদের যাত্রী ও দর্শনার্থী সকলের জন্য প্রতিযোগিতামূলক, বর্তমান এবং আরামদায়ক রাখার জন্য অত্যাবশ্যকীয়। গ্রেটার বিংহ্যামটন বিমানবন্দর এবং এইসব অনুদান নিশ্চিত করার প্রচেষ্টায় জড়িত সকলকে অভিনন্দন।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "আমাদের স্থানীয় বিমানবন্দরকে আধুনিক করা হলে তা অঞ্চলে পর্যটক এবং টাউনের বাইরের ব্যবসা আকর্ষণ করার মাধ্যমে আপস্টেটের শহরগুলিকে অর্থনৈতিক চালক হিসেবে অব্যাহত থাকতে দেয়। এই তহবিলগুলি আমাদের বিমানবন্দরকে আজকের দিনের অবকাঠামো ও নিরাপত্তা মানদণ্ডে পৌঁছাতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন, "আজকের ঘোষণাটি আপস্টেটজুড়ে বিমানবন্দরসমূহের জন্য, কিন্তু বিশেষ করে গ্রেটার বিংহ্যামটনে আমার নিজের এলাকার বিমানবন্দরের জন্য একটি স্বাগত সংবাদ। আমাকে কাউন্টি নির্বাহী গার্নারের প্রশংসা করতেই হচ্ছে, নতুন ক্যারিয়ার ও নতুন যাত্রী আকৃষ্ট করার জন্য আমাদের বিমানবন্দরের রূপান্তর লক্ষ্য থেকে সরে না দাঁড়ানোর জন্য। বিশেষ ধন্যবাদ গভর্নর হোকলকে, বিশ্বের প্রধান গেটওয়ে হিসেবে আমাদের আপস্টেটের বিমানবন্দরসমূহের সম্ভাবনায় বিশ্বাস করার জন্য। এই বিনিয়োগগুলি লভ্যাংশ প্রদান করতে থাকবে যখন আমরা একটি প্রাণবন্ত কোভিড পরবর্তী যাতায়াত অর্থনীতিতে ফেরত যাবো।"

সিরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "সিরাকিউজ এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক যখন অর্থনৈতিক প্রবৃদ্ধি দেখে চলেছে, তখন আমাদের মজবুত পরিবহন অবকাঠামো অঞ্চলের জন্য একটি কৌশলগত সুবিধা। আজকের সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর সিরাকিউজে যেই পুনরুত্থান হচ্ছে তার প্রতিফল করে। এটি অত্যাধুনিক এবং উজ্জ্বল ভবিষ্যতের জন্য তৈরি। আমি বিমানবন্দরের ফ্যাসিলিটিসমূহকে আরো উন্নত করার জন্য, যাত্রী ও কার্গোর জন্য এর আন্তর্জাতিক সক্ষমতাকে উন্নত করার জন্য এবং সকল যাত্রীদের জন্য বিমানবন্দরটিকে আরো ভালো করার জন্য এইসব নতুন বিনিয়োগের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "ফ্রেডরিক ডগলাস গ্রেটার রচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দরের এই উন্নয়নগুলি মনরো কাউন্টিকে ব্যবসা ও পর্যটন উভয়ের জন্য বৈশ্বিক মঞ্চে আরো প্রতিযোগী করে তুলবে, এটি আমাদের সম্প্রদায়ে আসা যাওয়া করা সকলের অভিজ্ঞতা উন্নত করবে। ধন্যবাদ গভর্নর হোকলকে আমাদের বিমানবন্দর ও সম্প্রদায়ে এই ঐতিহাসিক বিনিয়োগ দিয়ে মনরো কাউন্টির বাসিন্দা এবং অর্থনৈতিক স্বার্থকে অগ্রাধিকার প্রদানের জন্য।"

ব্রুম কাউন্টির নির্বাহী জ্যাসন গার্নার বলেন, "এই তহবিলটি আমাদের টার্মিনালে নতুন জীবন এনে, এটিকে আরো আধুনিক ও যাত্রীবান্ধব করে আমাদেরকে গ্রেটার বিংহ্যামটন বিমানবন্দরে যাত্রী ফেরত আনতে সাহায্য করবে। " BGM এ উড়া সর্বদাই সুবিধাজনক এবং উপভোগযোগ্য ছিলো, স্টেটের থেকে পাওয়া এই অর্থ এই মিশনকে বর্ধিত করে এবং যাত্রীরা এমন অভিজ্ঞতা আশা করতে পারে যা তাদের বারবার এখানে ফেরত নিয়ে আসবে। আমি ব্রুম কাউন্টির প্রতি তার চলমান অঙ্গীকারের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

জেফারসন কাউন্টি চেয়ারম্যান উইলিয়াম জনসন বলেন, "আমরা ওয়াটারটাউন আন্তর্জাতিক বিমানবন্দর যে নিউ ইয়র্ক স্টেট থেকে 28 মিলিয়ন মার্কিন ডলার অনুদান পাবে এই ঘোষণা শুনে অত্যন্ত আনন্দিত। এটি জেফারসন কাউন্টির পক্ষ থেকে একটি তিন বছরের প্রচেষ্টা ছিলো এবং এটি সত্যিই আমাদের বিমানবন্দরকে পরবর্তী পর্যায়ের বাণিজ্যিক সেবায় রূপান্তরিত হতে দিবে।"

কাউন্টি ব্যবস্থাপক জশুয়া পোটোসেক বলেন, "আমি নিউ ইয়র্ক স্টেটের পরিবহন অবকাঠামোতে বিনিয়োগের গুরুত্ব বুঝতে পারার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। সালিভ্যান কাউন্টি বিমানবন্দরে ঐতিহাসিক এই বিনিয়োগ আমাদেরকে সাম্প্রতিক বিনিয়োগ ও বিকাশকে আরো অগ্রসর করতে দিবে এবং নিঃসন্দেহে আমাদের বিমানবন্দরকে ভবিষ্যতে অনেক দশকের জন্য উন্নতিলাভ করতে দিবে।"

হ্যারিয়েটসটাউনের টাউন সুপারভাইজর জর্ডানা মালাক বলেন, "আমরা এই সুযোগ নিয়ে অত্যন্ত আনন্দিত এবং স্টেটকে এই অর্থের জন্য ধন্যবাদ জানাচ্ছি। এই প্রকল্পটি একটি টাউন হিসেবে আমাদের সম্প্রদায়জুড়ে শক্তিদক্ষতার দিকে অগ্রসর হওয়ার লক্ষ্যকে সরাসরি সমর্থন করে। ফেডারেল তহবিলের কল্যাণে, আমরা আমাদের বিমানবন্দরে বাণিজ্যিক যাত্রায় একটি স্থিতিশীল বৃদ্ধি দেখেছি, এবং এই সংস্কারকাজ অ্যাডিরন্ড্যাক আসা যাওয়া করার সময় আমাদের যাত্রীদের বর্ধিত আরাম ও নিরাপত্তা প্রদান করবে।"

সালিভ্যান কাউন্টির পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের (Department of Public Works) কমিশনার এড ম্যাকঅ্যান্ড্রু বলেন, "সালিভ্যান কাউন্টি বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতা থেকে সালিভ্যান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল ভবনের আধুনিকায়ন ও পুনর্বাসনের জন্য 18.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পেয়ে সম্মানিত হয়েছে।" কাউন্টি বিমানবন্দরের বিভিন্ন মাত্রায় সক্রিয়ভাবে উন্নয়ন করছে এই আশায় যে এর ফলে আরো ব্যবহারকারী আকৃষ্ট হবে এবং বিমানবন্দরের বিকাশ বৃদ্ধি পাবে, যা অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখবে। এইসব প্রত্যাশিত টার্মিনাল উন্নয়ন এছাড়াও প্রযুক্তিগত

ভাবে আধুনিক HVAC, সৌর প্যানেল, এবং EV চার্জিং স্টেশন ব্যবহারের মাধ্যমে ভবনের অবকাঠামোকে কাউন্টির বলিষ্ঠ টেকসই হওয়ার লক্ষ্যের সাথে মানানসই হবে।"

ওয়াটারটাউন টাউনের সুপারভাইজার জোয়েল ব্যারেট বলেন, "ওয়াটারটাউন আন্তর্জাতিক বিমানবন্দরটি নর্থ কান্ট্রিতে সাশ্রয়ী বিমান যাত্রা প্রদান করতে একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে, এবং নতুন এই তহবিল নর্থ কান্ট্রির আঞ্চলিক অর্থনৈতিক কার্যকারিতাকে উন্নত করতে অনেক সাহায্য করবে।"

ওগডেন্সবার্গ ব্রিজ এবং বন্দর কর্তৃপক্ষের (Ogdensburg Bridge and Port Authority, OBPA) নির্বাহী পরিচালক স্টিভ লরেন্স বলেন, "এই প্রকল্পটি এয়ারফিল্ড ও টার্মিনালে ইতিমধ্যে বিনিয়োগ করা 26 মিলিয়ন মার্কিন ডলারের অনুবর্তী। তহবিল OBPA-কে নর্দার্ন নিউ ইয়র্কে অর্থনৈতিক বিকাশ চালনা অব্যাহত রাখতে দিবে, OGS-র বৃদ্ধি প্রচার করবে, দর্শনার্থীদের জন্য একটি স্বাগত স্থান তৈরি করবে, এবং ওগডেন্সবার্গকে একটি নতুন কমিউনিটি স্পেস প্রদান করবে। নতুন OGS-এ আগমনকারী যাত্রীদের উষ্ণ অভ্যর্থনা জানানো হবে, তাদের উপর ইতিবাচক প্রথম ছাপ ফেলবে এবং নিউ ইয়র্ক স্টেটের নর্থ কান্ট্রির জন্য একটি অনন্য গেটওয়ে অভিজ্ঞতা সৃষ্টি করবে। আমি এই প্রকল্প নিয়ে গর্বিত এবং এই তহবিল প্রদানে জড়িত সকলের প্রতি কৃতজ্ঞ।"

ওগডেন্সবার্গ ব্রিজ এবং বন্দর কর্তৃপক্ষের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ভার্নন "স্যাম" বার্ন্স বলেন, "গভর্নর হোকলের আজকের ঘোষণা এবং OGS-র প্রতি সমর্থন বিমানবন্দরে এবং অঞ্চলে আরো অর্থনৈতিক কর্মকাণ্ডের সূচনা করবে এবং এমন কাজের অর্থায়ন করবে যা বিমানবন্দরটিকে আগামী অনেক বছরের জন্য প্রতিযোগিতার অংশ ও যাত্রী ও ব্যবসাসমূহের প্রতি আকর্ষণীয় করে রাখবে। OBPA গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট, সেন্ট্রাল ও নর্দার্ন নিউ ইয়র্ক বিল্ডিং ট্রেডসের প্রেসিডেন্ট গ্রেগ ল্যানসেট, এবং আরো অন্যান্য অনেক কর্মকর্তা ও স্টেকহোল্ডারদের ধন্যবাদ জানাতে চাই যারা এই তহবিল নিশ্চিত করতে সহায়তা করেছেন।"

সিরাকিউজ আঞ্চলিক বিমানবন্দর কর্তৃপক্ষের (Syracuse Regional Airport Authority) নির্বাহী পরিচালক জ্যাসন টেরেরি বলেন, "সিরাকিউজ আঞ্চলিক বিমানবন্দর কর্তৃপক্ষ অত্যন্ত কৃতজ্ঞ এই 20 মিলিয়ন মার্কিন ডলার পেয়ে," বলেন সিরাকিউজ আঞ্চলিক বিমানবন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জ্যাসন টেরেরি। "যখন মহামারী পরবর্তী যাত্রার বৃদ্ধি সকল প্রত্যাশা ছাড়িয়ে যাচ্ছে, অনুদানটি দ্বারা অর্থায়িত প্রকল্পসমূহ নিশ্চিত করতে সাহায্য করবে যাতে সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং তার বাইরেও শুধু একটি আন্তর্জাতিক গেটওয়ে হয়ে না থাকে, বরং যাতে এটি অঞ্চলের ভবিষ্যৎ বৃদ্ধির চাহিদা মেটানোর অবস্থাতেও থাকে।"

লাগুয়ার্ডিয়া এবং জন এফ. কেনেডি বিমানবন্দরসমূহকে আধুনিকায়িত করা ও অত্যাধুনিক যাত্রা কেন্দ্রে রূপান্তরিত করার চলমান প্রকল্পসমূহের পাশাপাশি, উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেটের প্রারম্ভিক আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতার সাফল্যের অনুবর্তী। 2016 সালে ঘোষিত প্রারম্ভিক প্রতিযোগিতাটি 200 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে,

আরো অতিরিক্ত 150 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ও স্থানীয় সংস্থান ব্যবহার করে, নিচের বিমানবন্দরগুলির পুনরুজ্জীবন প্রকল্পের জন্য:

- প্ল্যাটসবার্গ আন্তর্জাতিক বিমানবন্দর (Plattsburgh International Airport), যার কাজ 2018 সালের অক্টোবর মাসে শেষ হয়েছে।
- ইথাকা টম্পকিন্স আন্তর্জাতিক বিমানবন্দর (Ithaca Tompkins International Airport), যার কাজ 2019 সালের ডিসেম্বর মাসে শেষ হয়েছে।
- সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর (Syracuse Hancock International Airport), যার কাজ 2018 সালের অক্টোবর মাসে শেষ হয়েছে।
- গ্রেটার রচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দর (Greater Rochester International Airport), যার কাজ 2018 সালের অক্টোবর মাসে শেষ হয়েছে।
- এলমিরা-কর্নিং আন্তর্জাতিক বিমানবন্দর (Elmira-Corning Regional Airport), যার কাজ 2018 সালের অক্টোবর মাসে শেষ হয়েছে।
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর (Albany International Airport), যার কাজ 2020 সালের জুন মাসে শেষ হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট DOT-কে টুইটারে (Twitter) @NYSDOT-এ এবং ফেসবুকে (Facebook) নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগে অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418